# অষ্টম অধ্যায়
# সমান্তরাল সরলরেখা

## পাঠ সম্পর্কিত গুরুত্বপূর্ণ বিষয়াদি

**প্রতিজ্ঞা :** জ্যামিতিতে যে সকল বিষয়ের আলোচনা করা হয়, সাধারণভাবে তাদের প্রতিজ্ঞা বলা হয়।

**সম্পাদ্য :** যে প্রতিজ্ঞায় কোনো জ্যামিতিক বিষয় অঙ্কন করে দেখানো হয় এবং যুক্তি দ্বারা অঙ্কনের নির্ভুলতা প্রমাণ করা যায়, একে সম্পাদ্য বলা হয়।

**সম্পাদ্যের বিভিন্ন অংশ :**

(ক) **উপাত্ত :** সম্পাদ্যে যা দেওয়া থাকে, তাই উপাত্ত।

(খ) **অঙ্কন :** সম্পাদ্যে যা করণীয়, তাই অঙ্কন।

(গ) **প্রমাণ :** যুক্তি দ্বারা অঙ্কনের নির্ভুলতা যাচাই হলো প্রমাণ।

**উপপাদ্য :** যে প্রতিজ্ঞায় কোনো জ্যামিতিক বিষয়কে যুক্তি দ্বারা প্রতিষ্ঠিত করা হয়, তাকে উপপাদ্য বলে।

**উপপাদ্যের বিভিন্ন অংশ :**

(ক) **সাধারণ নির্বচন :** এ অংশে প্রতিজ্ঞার বিষয়টি সরলভাবে বর্ণনা করা হয়।

(খ) **বিশেষ নির্বচন :** এ অংশে প্রতিজ্ঞার বিষয়টি চিত্র দ্বারা বিশেষভাবে দেখানো হয়।


(গ) **অঙ্কন :** এ অংশে প্রতিজ্ঞা সমাধানের বা প্রমাণের জন্য অতিরিক্ত অঙ্কন করতে হয়।

(ঘ) **প্রমাণ :** এ অংশে স্বতঃসিদ্ধগুলো এবং পূর্বে গঠিত জ্যামিতিক সত্য ব্যবহার করে উপযুক্ত যুক্তি দ্বারা প্রস্তাবিত বিষয়টিকে প্রতিষ্ঠিত করা হয়।

**অনুসিদ্ধান্ত :** কোনো জ্যামিতিক প্রতিজ্ঞা প্রতিষ্ঠিত করে এর সিদ্ধান্ত থেকে এক বা একাধিক যে নতুন সিদ্ধান্ত গ্রহণ করা যায়, এদেরকে অনুসিদ্ধান্ত বলা হয়।

## অনুশীলনীর প্রশ্ন ও সমাধান

**প্রশ্ন ॥ ১ ॥**




**চিত্রে, $\angle PQR = 55^\circ$, $\angle LRN = 90^\circ$ এবং $PQ \parallel MR$ হলে, $\angle MRN$ এর মান নিচের কোনটি?**

● $35^\circ$ খ. $45^\circ$ গ. $55^\circ$ ঘ. $90^\circ$

ব্যাখ্যা : যেহেতু $PQ \parallel MR$


$\therefore \angle PQR =$ অনুরূপ $\angle LRM$

এখানে, $\angle MRN + \angle LRM = \angle LRN$

বা, $\angle MRN + 55^\circ = 90^\circ$

$\therefore \angle MRN = 90^\circ - 55^\circ = 35^\circ$

**প্রশ্ন ॥ ২ ॥**




**চিত্রে, $PQ \parallel SR$, $PQ = PR$ এবং $\angle PRQ = 50^\circ$ হলে, $\angle LRS$ এর মান নিচের কোনটি?**

ক. $80^\circ$ ● $50^\circ$ গ. $55^\circ$ ঘ. $75^\circ$

ব্যাখ্যা : $\Delta PQR$ এ $PQ = PR$

$\therefore \angle PQR = \angle PRQ = 50^\circ$ [ দেওয়া আছে ]


আবার, $PQ \parallel SR$ এবং QRL তাদের ছেদক

সুতরাং $\angle PQR = \angle LRS = 50^\circ$ [ অনুরূপ কোণ ]

**প্রশ্ন ॥ ৩ ॥ ABC সমদ্বিবাহু ত্রিভুজে ভূমি BC এর সমান্তরাল EF রেখা AB এবং AC কে যথাক্রমে E, F বিন্দুতে ছেদ করেছে। $\angle B = 52^\circ$ হলে, AEF ত্রিভুজে $\angle A + \angle F$ এর মান নিচের কোনটি?**

ক. $76^\circ$ খ. $104^\circ$ ● $128^\circ$ ঘ. $156^\circ$

ব্যাখ্যা :




$BC \parallel EF$ এবং AB এদের ছেদক


$\therefore \angle B = \angle E = 52^\circ$ [ অনুরূপ কোণ ]

আবার, $\Delta AEF$ -এ, $\angle A + \angle E + \angle F = 180^\circ$

বা, $\angle A + 52^\circ + \angle F = 180^\circ$

বা, $\angle A + \angle F = 180^\circ - 52^\circ = 128^\circ$

**প্রশ্ন ॥ ৪ ॥**



**AB || CD || EF**

**(১) $\angle x$ এর মান নিচের কোনটি?**

ক. $28^\circ$ ● $32^\circ$ গ. $45^\circ$ ঘ. $58^\circ$

**ব্যাখ্যা :** CD || EF এবং CD ও EF

এদের ছেদক রেখার সাথে x ও $32^\circ$

অনুরূপ কোণ তৈরি করেছে।

$\therefore \angle x = 32^\circ$

**(২) $\angle z$ এর মান নিচের কোনটি?**

ক. $58^\circ$ খ. $103^\circ$ গ. $122^\circ$ ● $148^\circ$

**ব্যাখ্যা :** চিত্রানুসারে, $\angle z + 32^\circ = 180^\circ$

বা, $\angle z = 180^\circ - 32^\circ = 148^\circ$

**(৩) নিচের কোনটি $y - z$ এর মান?**

ক. $58^\circ$ ● $77^\circ$ গ. $103^\circ$ ঘ. $122^\circ$

**ব্যাখ্যা :** AB || CD এবং তাদের ছেদক দ্বারা উৎপন্ন $\angle c + 45^\circ = 180^\circ$

$\therefore \angle c = 180^\circ - 45^\circ = 135^\circ$

আবার, চিত্র হতে, $y + c = 360^\circ$ বা, $y + 135^\circ = 360^\circ$

বা, $y = 360^\circ - 135^\circ = 225^\circ$

$\therefore y - z = 225^\circ - 148^\circ = 77^\circ$

**প্রশ্ন ॥ ৫ ॥**

i. একই রেখার উপর অবস্থিত দুইটি সন্নিহিত কোণ পরস্পর সমান হতে পারে


ii. বিপ্রতীপ কোণদ্বয়ের সমদ্বিখণ্ডক একই সরলরেখায় অবস্থিত

iii. একটি রেখার বহিঃস্থ একটি বিন্দু দিয়ে ঐ রেখার সমান্তরাল একাধিক রেখা আঁকা যায়

**উপরের তথ্যের ভিত্তিতে নিচের কোনটি সঠিক?**

● i ও ii খ. i ও iii গ. ii ও iii ঘ. i, ii ও iii

**প্রশ্ন ॥ ৬ ॥**




**চিত্রে, AB || CD, $\angle BPE = 60^\circ$ এবং PQ = PR.**

ক) দেখাও যে, $\frac{1}{2}\angle APE = 60^\circ$

খ) $\angle CQF$ এর মান বের কর।

গ) প্রমাণ কর যে, PQR একটি সমবাহু ত্রিভুজ।

**সমাধান :**

**ক)** চিত্রানুসারে, $\angle BPE = 60^\circ$

আবার, $\angle BPE + \angle APE = 180^\circ$ [রৈখিক যুগল কোণ]

বা, $60^\circ + \angle APE = 180^\circ$

বা, $\angle APE = 180^\circ - 60^\circ = 120^\circ$

$\therefore \frac{1}{2}\angle APE = \frac{1}{2} \times 120^\circ = 60^\circ$

$\therefore \frac{1}{2}\angle APE = 60^\circ$

**খ)** AB || CD এবং EF তাদের ছেদক

$\angle PQR =$ অনুরূপ $\angle BPE = 60^\circ$ [অনুরূপ কোণ সমান]

আবার, $\angle CQF =$ বিপ্রতীপ $\angle PQR = 60^\circ$

**গ)** চিত্রানুসারে প্রমাণ করতে হবে যে, PQR একটি সমবাহু ত্রিভুজ।

**প্রমাণ :**

| ধাপ : | যথার্থতা |
|---|---|
| ১. $\Delta PQR$ এ PQ = PR | [কল্পনা] |
| $\therefore \angle PQR = \angle PRQ = 60^\circ$ | [ত্রিভুজের সমান সমান বাহুর বিপরীত কোণ সমান] |
| ২. আবার, $\angle PQR + \angle PRQ + \angle QPR = 180^\circ$ | [ত্রিভুজের তিন কোণের সমষ্টি দুই সমকোণ] |
| বা, $60^\circ + 60^\circ + \angle QPR = 180^\circ$ | |
| বা, $\angle QPR = 180^\circ - 60^\circ - 60^\circ = 60^\circ$ | |
| বা, $\Delta PQR$ এ $\angle PQR = \angle PRQ = \angle QPR$ | [প্রত্যেকেই $60^\circ$ এর সমান] |
| ৩. $\therefore PQ = QR = PR$ | [সমান সমান কোণের বিপরীত বাহু পরস্পর সমান] |
| $\therefore$ PQR একটি সমবাহু ত্রিভুজ। | [প্রমাণিত] |

## অতিরিক্ত বহুনির্বাচনি প্রশ্নোত্তর

### ৮·১ : জ্যামিতিক যুক্তি পদ্ধতি ■ পৃষ্ঠা : ১০৬ ও ১০৭

#### সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**১. জ্যামিতিতে যে সকল বিষয়ের আলোচনা করা হয়, সাধারণভাবে তাদের কী বলে?** (সহজ)

K অঙ্কন ● প্রতিজ্ঞা M প্রমাণ N সাধারণ নির্বচন

**২. যুক্তি দ্বারা অঙ্কনের নির্ভুলতা যাচাই হলো—** [ রংপুর জিলা স্কুল ]

K উপপাদ্য ● প্রমাণ M অঙ্কন N প্রতিজ্ঞা

**৩. যে প্রতিজ্ঞায় কোনো জ্যামিতিক বিষয়কে যুক্তি দ্বারা প্রতিষ্ঠিত করা হয়, তাকে কী বলে?** [ রংপুর জিলা স্কুল ]

K উপাত্ত L প্রমাণ ● উপপাদ্য N সম্পাদ্য

**৪. উপপাদ্যের যে অংশে প্রতিজ্ঞার বিষয়টি সরলভাবে বর্ণনা করা হয়, তাকে কী বলে?** (সহজ)

● সাধারণ নির্বচন L বিশেষ নির্বচন M অঙ্কন N প্রমাণ

**৫. উপপাদ্য থেকে যে এক বা একাধিক নতুন সিদ্ধান্ত গ্রহণ করা যায়, তাদের কী বলে?** (সহজ)

K সাধারণ নির্বচন L বিশেষ নির্বচন ● অনুসিদ্ধান্ত N সম্পাদ্য

**৬. সম্পাদ্যে যা দেওয়া থাকে, তাকে কী বলে?** [ শেরপুর সরকারি ভিক্টোরিয়া একাডেমী ]

K অঙ্কন ● উপাত্ত M বিশেষ নির্বচন N প্রমাণ

**৭. সম্পাদ্যে যা করণীয়, তাকে কী বলে?** (সহজ)

K উপাত্ত ● অঙ্কন M প্রমাণ N বিশেষ নির্বচন

**৮. সম্পাদ্যের কয়টি অংশ?** [ শেরপুর সরকারি ভিক্টোরিয়া একাডেমী ]

K একটি L দুইটি ● তিনটি N চারটি

**ব্যাখ্যা :** সম্পাদ্যের তিনটি অংশ হলো উপাত্ত, অঙ্কন ও প্রমাণ।

**৯. বৃহত্তর এর সাংকেতিক চিহ্ন কোনটি?** (মধ্যম)

K $<$ ● $>$ M $\cong$ N $||$

**১০. সমান্তরাল এর সাংকেতিক চিহ্ন কোনটি?** (মধ্যম)

K < L > ● || N ≅

**১১. ∵ দ্বারা কোনটি বুঝায়?** (সহজ)

● যেহেতু L সুতরাং M প্রমাণ N সর্বসম

**১২. '⊙' চিহ্ন দ্বারা জ্যামিতিতে কী বুঝায়?** (সহজ)

K বিন্দু ● বৃত্ত M সর্বসম N সুতরাং

**১৩. সর্বসম চিহ্ন নিচের কোনটি?** [ শেরপুর সরকারী ভিক্টোরিয়া একাডেমী ]

K || L > ● ≅ N <

**১৪. ⊥ চিহ্নটি দ্বারা কী নির্দেশ করে?**
[ সরকারি ইকবালনগর মাধ্যমিক বালিকা বিদ্যালয়, খুলনা ]

K ত্রিভুজ ● লম্ব M কোণ N সমান্তরাল

### বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**১৫. সম্পাদ্যের ক্ষেত্রে—** [ পটুয়াখালী সরকারি জুবিলী উচ্চ বিদ্যালয় ]

i. যা দেওয়া থাকে, তাই উপাত্ত
ii. যা করণীয়, তাই অঙ্কন
iii. যুক্তি দ্বারা অঙ্কনের নির্ভুলতা যাচাই হলো অঙ্কন

**নিচের কোনটি সঠিক?**

● i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**ব্যাখ্যা :** (iii) সঠিক নয়; কারণ, যুক্তি দ্বারা অঙ্কনের নির্ভুলতা যাচাই হলো প্রমাণ।

**১৬. নিচের তথ্যগুলো লক্ষ কর :**

i. সাধারণ নির্বচনে প্রতিজ্ঞার বিষয়বস্তু সরলভাবে বর্ণনা করা হয়
ii. বিশেষ নির্বচনে প্রতিজ্ঞার বিষয়টি চিত্র দ্বারা বিশেষভাবে দেখানো হয়
iii. উপপাদ্যে অঙ্কনের প্রয়োজন হয় না

**নিচের কোনটি সঠিক?** (মধ্যম)

● i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**ব্যাখ্যা :** তথ্যানুযায়ী i ও ii নং সঠিক। iii নং সঠিক নয়। কারণ উপপাদ্যে প্রমাণের জন্য অতিরিক্ত অঙ্কনের প্রয়োজন হয়।

**১৭. জ্যামিতিতে—**

i. সমান্তরালের সাংকেতিক চিহ্ন ||
ii. লম্বের সাংকেতিক চিহ্ন ⊥
iii. সুতরাং এর সাংকেতিক চিহ্ন ∴

**নিচের কোনটি সঠিক?** (সহজ)

K i ও ii L i ও iii M ii ও iii ● i, ii ও iii

### অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

■ **নিচের তথ্যের আলোকে ১৮ – ২০ নং প্রশ্নের উত্তর দাও:**

>, <, ⊥ ও ⊙ জ্যামিতিতে ব্যবহৃত চারটি চিহ্ন।

**১৮. বড় বোঝাতে দুইটির মাঝে কোন চিহ্নটি ব্যবহৃত হবে?** (সহজ)

● > L < M ⊥ N ⊙

**১৯. দুই রেখা পরস্পর লম্ব হলে কোন চিহ্নটি ব্যবহৃত হবে?** (সহজ)

K > L < ● ⊥ N ⊙

**২০. বৃত্ত বোঝাতে কোন চিহ্নটি ব্যবহৃত হবে?** (সহজ)

K > L < M ⊥ ● ⊙

## ৮·২ : ছেদক ■ পৃষ্ঠা : ১০৭ ও ১০৮

### সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর


**২১. কোনো সরলরেখা দুই বা ততোধিক সরলরেখাকে বিভিন্ন বিন্দুতে ছেদ করে তাকে কী বলে?** [ শেরপুর সরকারী ভিক্টোরিয়া একাডেমী ]

K সমান্তরাল সরলরেখা ● ছেদক
M কোণ N ত্রিভুজ

**২২. দুইটি সরলরেখাকে একটি সরলরেখা ছেদ করলে মোট কয়টি কোণ উৎপন্ন হয়?** (সহজ)

K 4 L 5 M 6 ● 8

**ব্যাখ্যা :** ৪ কোণ উৎপন্ন হয়।




**২৩. দুইটি রেখাকে একটি রেখা ছেদ করলে কয় জোড়া অনুরূপ কোণ পাওয়া যাবে?** (সহজ)

K তিন ● চার M পাঁচ N ছয়


**২৪. অনুরূপ কোণের ক্ষেত্রে নিচের কোনটি সঠিক?** (মধ্যম)

K ছেদকের বিপরীত পাশে অবস্থিত
L সরলরেখা দুইটির মধ্যে অবস্থিত
● শীর্ষ বিন্দু আলাদা
N একই শীর্ষ বিন্দু

**২৫. একান্তর কোণের ক্ষেত্রে কোণদ্বয়—** (কঠিন)

K ছেদকের একই পাশে অবস্থিত ● ছেদকের বিপরীত পাশে অবস্থিত
M সরলরেখা দুইটির বিপরীত দিকে N এর শীর্ষবিন্দু একই

**২৬.**




**উপরের চিত্রে ছেদক হলো—** (কঠিন)

K AB L AD ● PQ N CD

### বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর


**২৭. দুইটি রেখাকে একটি রেখা ছেদ করলে উৎপন্ন অনুরূপ কোণগুলোর বৈশিষ্ট্য হলো—**

i. ছেদকের বিপরীত পাশে অবস্থিত
ii. ছেদকের একই পাশে অবস্থিত
iii. শীর্ষবিন্দু আলাদা

**নিচের কোনটি সঠিক?** (সহজ)

K i ও ii L i ও iii ● ii ও iii N i, ii ও iii

**২৮.**




চিত্রে দুইটি রেখাকে একটি রেখা P ও Q বিন্দুতে ছেদ করেছে—


i. অন্তঃস্থ কোণ ∠3, ∠4, ∠5, ∠6
ii. বহিঃস্থ কোণ ∠1, ∠2, ∠7, ∠8
iii. অন্তঃস্থ একান্তর কোণ জোড়া ∠3 এবং ∠6, ∠4 এবং ∠5.

**নিচের কোনটি সঠিক?** (মধ্যম)

K i ও ii L i ও iii M ii ও iii ● i, ii ও iii

### অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

■ **নিচের তথ্যের আলোকে ২৯ – ৩১ নং প্রশ্নের উত্তর দাও:**



২৯. **চিত্র অনুযায়ী অন্তঃস্থ কোণগুলো নিচের কোনটি?** (মধ্যম)

K $\angle 1, \angle 2, \angle 3, \angle 7$   ● $\angle 3, \angle 4, \angle 5, \angle 6$
M $\angle 3, \angle 7, \angle 5$   N $\angle 3, \angle 5, \angle 8$

৩০. **চিত্র অনুযায়ী বহিঃস্থ কোণগুলো কী?** (মধ্যম)

K $\angle 3, \angle 4, \angle 5, \angle 6$   L $\angle 1, \angle 2, \angle 3, \angle 7$
● $\angle 1, \angle 2, \angle 7, \angle 8$   N $\angle 3, \angle 5, \angle 4, \angle 6$

৩১. **ছেদকের একই পাশের অন্তঃস্থ কোণ জোড়া কী হবে?** (মধ্যম)

● $\angle 3$ এবং $\angle 5$   L $\angle 4$ এবং $\angle 8$   M $\angle 2$ এবং $\angle 5$   N $\angle 3$ এবং $\angle 7$

## ৮.৩ : জোড়া সমান্তরাল সরলরেখা ■ পৃষ্ঠা : ১০৮–১১১

### সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৩২. **দুইটি সরলরেখার কোনো ছেদ বিন্দু না থাকলে তাদের কী বলে?**
[ ভি. জে. সরকারি উচ্চ বিদ্যালয়, চুয়াডাঙ্গা ]

K পরস্পরছেদী   ● সমান্তরাল
M ছেদক   N অসমান্তরাল রেখা


৩৩. **দুইটি সমান্তরাল সরলরেখার মধ্যকার দূরত্ব কেমন?**
[ সেন্ট জোসেফস উচ্চ বিদ্যালয়, খুলনা ]

● সমান   L অসমান   M লম্ব   N তির্যক

৩৪. **দুইটি সমান্তরাল রেখা ও তাদের ছেদকের কয়টি প্রধান ধর্ম আছে?** (সহজ)

● 3   L 4   M 5   N 6


৩৫.



**চিত্রের অন্তঃস্থ একান্তর কোণ জোড়া নিচের কোনগুলো?** (সহজ)

● $\angle c$ ও $\angle q$   L $\angle a$ ও $\angle p$   M $\angle b$ ও $\angle q$   N $\angle d$ ও $\angle s$

৩৬.



**চিত্রে, AB ∥ CD হলে, x এর মান কত?** (মধ্যম)


K 100°   L 80°   M 60°   ● 48°

**ব্যাখ্যা :** AB ∥ CD হওয়ায়, AB = 2x – 1° = 95° (একান্তর কোণ)
বা, 2x = 95° + 1° = 96°
বা, $x = \frac{96°}{2} = 48°$


৩৭. **AB ও CD পরস্পর সমান্তরাল এবং EF তাদের ছেদক। ∠DQP = 80° হলে ∠BPQ এর মান কত?** (মধ্যম)

● 100°   L 80°   M 120°   N 10°

**ব্যাখ্যা :** ছেদকের একই পাশের অন্তঃস্থ কোণ
$\therefore \angle DQP + \angle BPQ = 180°$
বা, $\angle BPQ = 180° - \angle DQP$



৩৮.




চিত্রে, AB ∥ CD

**∠x নিচের কোনটির সমান?** (সহজ)

K $\angle y$   ● $\angle z$   M $2 \times \angle y$   N $\frac{\angle z}{2}$


৩৯.



**চিত্রে, AB ∥ CD, ∠6 এর বিপ্রতীপ কোণ নিচের কোনটির সমান?** (কঠিন)

K $\angle 1$   L $\angle 4$   M $\angle 5$   ● $\angle 7$

৪০.




**চিত্রে, AB ∥ CD এবং PQ তাদের ছেদক, তবে (∠x + ∠y) এর মান নিচের কোনটি?**

K 90°   L 120°   ● 180°   N 360°

**ব্যাখ্যা :** AB ∥ CD হওয়ায়, ∠y = একান্তর ∠z
এবং ∠x + ∠z = 180° (সরলকোণ)
বা, ∠x + ∠y = 180° [∵ ∠y = ∠z ]

### বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৪১.




**উপরের চিত্রে—**

i. ∠x ও ∠y পরস্পর বিপ্রতীপ কোণ
ii. ∠y ও ∠z পরস্পর একান্তর কোণ
iii. ∠y ও ∠z পরস্পর অনুরূপ কোণ

**নিচের কোনটি সঠিক?** (সহজ)

● i ও ii   L i ও iii   M ii ও iii   N i, ii ও iii

৪২.



**AB ও CD সমান্তরাল রেখাদ্বয়কে PQ রেখা যথাক্রমে E ও F বিন্দুতে ছেদ করলে—**

i. ∠AEF = একান্তর ∠EFD
ii. ∠PEB = অনুরূপ ∠EFD
iii. ∠BEF + ∠EFD = 90°

**নিচের কোনটি সঠিক?** (সহজ)

● i ও ii   L i ও iii   M ii ও iii   N i, ii ও iii

**ব্যাখ্যা :** iii. সঠিক নয়; কারণ, AB ∥ CD ও PQ তাদের ছেদক হওয়ায় ছেদকের একই পাশের অন্তঃস্থ কোণদ্বয় পরস্পর সম্পূরক হবে।
অর্থাৎ ∠BEF + ∠EFD = 180°।

**৪৩. দুইটি সরলরেখা অপর একটি সরলরেখাকে ছেদ করলে–**

i. একান্তর কোণ সমান


ii. অনুরূপ কোণ সমান

iii. ছেদকের একই পাশের অন্তঃস্থ কোণের সমষ্টি দুই সমকোণ

**নিচের কোনটি সঠিক?** (সহজ)

K i ও ii  L i ও iii  M ii ও iii  ● i, ii ও iii

**৪৪.**




চিত্রে, AB ∥ CD ∥ EF হলে–

i. $\angle x = \angle y = \angle z$

ii. $\angle z = 120^\circ$

iii. $\angle y = 80^\circ$

**নিচের কোনটি সঠিক?** (কঠিন)

● i ও ii  L i ও iii  M ii ও iii  N i, ii ও iii

**ব্যাখ্যা :** i. AB ∥ CD ∥ EF

$\therefore \angle x = \angle y = \angle z$ [একান্তর] সুতরাং উক্তিটি সঠিক।


(ii) $\angle z + 60^\circ = 180^\circ$ (সরলকোণ)

$\therefore \angle z = 180^\circ - 60^\circ = 120^\circ$ সুতরাং প্রদত্ত উক্তিটি সঠিক।

(iii) চিত্র হতে $\angle y = 60^\circ$ সুতরাং উক্তিটি সঠিক নয়।

## অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

■ **নিচের তথ্যের আলোকে ৪৫ ও ৪৬ নং প্রশ্নের উত্তর দাও:**




**৪৫. চিত্রে $\angle EFD$ –এর পরিমাণ কত?** (মধ্যম)

K $45^\circ$  ● $60^\circ$  M $50^\circ$  N $120^\circ$

**ব্যাখ্যা :** $\angle EFD$ = অনুরূপ $\angle PEB = 60^\circ$

**৪৬. চিত্রে $\angle EFC$ –এর পরিমাণ কত?** (মধ্যম)


K $70^\circ$  L $60^\circ$  M $100^\circ$  ● $120^\circ$

**ব্যাখ্যা :** চিত্রানুসারে : $\angle EFC + \angle EFD = 180^\circ$

বা, $\angle EFC + 60^\circ = 180^\circ$

বা, $\angle EFC = 180^\circ - 60^\circ = 120^\circ$

■ **নিচের তথ্যের আলোকে ৪৭ – ৪৯ নং প্রশ্নের উত্তর দাও:**




**৪৭. $\angle ALM$ এর একান্তর কোণ কোনটি?** (সহজ)

K $\angle PLB$  ● $\angle LMD$

M $\angle PLA$  N $\angle LMC$

**৪৮. $\angle PLB = \angle LMD$ নিচের কোনটি সঠিক?** (মধ্যম)


K একান্তর কোণ ● অনুরূপ কোণ M পূরক কোণ N বিপ্রতীপ কোণ

**৪৯. $\angle BLM + \angle LMD$ = কত?** (কঠিন)

K এক সমকোণ  ● দুই সমকোণ

M তিন সমকোণ  N চার সমকোণ

■ **নিচের তথ্যের আলোকে ৫০ – ৫২ নং প্রশ্নের উত্তর দাও:**




চিত্রে, AB ∥ CF এবং ED ⊥ AB

**৫০. $\angle x$ এর মান নিচের কোনটি?** (মধ্যম)

K $90^\circ$  L $60^\circ$  ● $40^\circ$  N $30^\circ$

**ব্যাখ্যা :** ED ⊥ AB হওয়ায় $\angle AED = 90^\circ$

$\therefore \angle AEC + \angle DEC = 90^\circ$

বা, $\angle x + 50^\circ = 90^\circ$ [$\because \angle DEC = 50^\circ$]

$\therefore \angle x = 90^\circ - 50^\circ = 40^\circ$

**৫১. $\angle y$ এর মান নিচের কোনটি?** (মধ্যম)

K $30^\circ$  ● $20^\circ$  M $15^\circ$  N $10^\circ$

**ব্যাখ্যা :** AB ∥ CF ও EC তাদের ছেদক

$\therefore \angle x$ = একান্তর $2\angle y$, বা, $40^\circ = 2\angle y$

বা, $\angle y = \frac{40^\circ}{2} = 20^\circ \therefore \angle y = 20^\circ$

**৫২. $\angle ECD$ এর মান নিচের কোনটি?** (মধ্যম)


● $60^\circ$  L $45^\circ$  M $30^\circ$  N $15^\circ$

**ব্যাখ্যা :** $\angle ECD = 2\angle y + \angle y = 2 \times 20^\circ + 20^\circ$ [$\therefore \angle y = 20^\circ$]

$= 40^\circ + 20^\circ$

$\therefore \angle ECD = 60^\circ$

■ **নিচের তথ্যের আলোকে ৫৩ – ৫৫ নং প্রশ্নের উত্তর দাও:**




**চিত্রে, AB ∥ CD এবং PQ তাদের ছেদক।**

**৫৩. $(\angle x + \angle y)$ এর মান নিচের কোনটি?** (মধ্যম)

K $120^\circ$  ● $180^\circ$  M $270^\circ$  N $360^\circ$

**ব্যাখ্যা :** $\angle PEB$ = অনুরূপ $\angle DFE = \angle x$

$\angle AEB = 180^\circ$ (সরলকোণ)

বা, $\angle AEP + \angle PEB = 180^\circ$

$\therefore \angle x + \angle y = 180^\circ$

**৫৪. $\angle x$ এর মান নিচের কোনটি?** (সহজ)

● $60^\circ$  L $90^\circ$  M $120^\circ$  N $180^\circ$

**৫৫. $\angle y$ এর মান নিচের কোনটি?** (সহজ)


K $180^\circ$  ● $120^\circ$  M $60^\circ$  N $30^\circ$

**ব্যাখ্যা :** ৫১ নং হতে, $\angle x = 60^\circ$

$\therefore 2\angle x = 2 \times 60^\circ = 120^\circ$

$\therefore \angle y$ = বিপ্রতীপ $2\angle x = 120^\circ$

## অতিরিক্ত সৃজনশীল প্রশ্ন ও সমাধান




চিত্রে AB || CD, ∠EPB = 60°, এবং ∠PQD এর সমদ্বিখণ্ডক QR।

[ রাজশাহী কলেজিয়েট স্কুল ]

ক. ∠APE এর মান কত? ২

খ. ∠DQR এর মান নির্ণয় কর। ৪

গ. প্রমাণ কর যে, PQR একটি সমদ্বিবাহু ত্রিভুজ। ৪


### ১নং প্রশ্নের সমাধান

ক. ∠APE + ∠EPB = 2 সমকোণ = 180°

বা, ∠APE = 180° – ∠EPB

= 180° – 60°

∴ ∠APE = 120°




খ. $\angle DQR = \frac{1}{2}\angle PQD$

আবার, ∠PQD = অনুরূপ ∠EPB


$\therefore DQR = \frac{1}{2}\angle EPB = \frac{1}{2} \times 60° = 30°$

গ. দেওয়া আছে, AB || CD, এবং ∠PQD এর সমদ্বিখণ্ডক QR।

প্রমাণ করতে হবে যে, ΔPQR এ, PQ = QR

| ধাপ | যথার্থতা |
|---|---|
| ১. ∠PQD + ∠RPQ = 180° বা, ∠PQR + ∠RQD + ∠RPQ = 180° ............(i) | [ছেদকের একটি পার্শ্বের অন্তঃস্থ কোণদ্বয় সম্পূরক] |
| ২. আবার, ΔPQR এ = ∠PQR + ∠RPQ + ∠PRQ = 180° ..........(ii) | [ত্রিভুজের তিন কোণের সমষ্টি 180°] |
| ৩. ∠PQR + ∠RQD + ∠RPQ = ∠PQR + ∠RPQ + ∠PRQ | [ধাপ (১) ও (২) থেকে] |
| ৪. কিন্তু ∠PQR = ∠RQD | [QR সমদ্বিখণ্ডক] |
| ∴ ∠PQR = ∠PRQ | [সমান সমান কোণদ্বয়ের বিপরীত বাহুদ্বয় সমান] |
| ∴ ΔPQR এ PQ = PR | |

**নিচের জ্যামিতিক চিত্রটি লক্ষ কর প্রশ্নগুলোর উত্তর দাও :**




[ গভ. ল্যাবরেটরী হাইস্কুল, রাজশাহী ]


ক. ছেদক কী? ২

খ. AB || CD হলে দেখাও যে, ∠ALN = ∠DML. ৪

গ. AB ও EF পরস্পর সমান্তরাল হলে প্রমাণ কর যে, CD ও EF পরস্পর সমান্তরাল। ৪


### ২নং প্রশ্নের সমাধান

ক.




**ছেদক** : কোনো সরলরেখা দুই বা ততোধিক সরলরেখাকে বিভিন্ন বিন্দুতে ছেদ করলে একে ছেদক বলে। চিত্রে LM সরলরেখাটি একটি ছেদক।

খ.





**বিশেষ নির্বচন** : মনে করি, AB || CD এবং PN রেখা AB ও CD রেখাকে যথাক্রমে L ও M বিন্দুতে ছেদ করে। প্রমাণ করতে হবে যে, ∠ALN = ∠DML

**প্রমাণ :**

| ধাপ | যথার্থতা |
|---|---|
| ১. ∠PLB = অনুরূপ ∠LMD | [সমান্তরাল রেখার সংজ্ঞানুসারে অনুরূপ কোণ সমান।] |
| ২. ∠PLB = বিপ্রতীপ ∠ALN | [বিপ্রতীপ কোণদ্বয় পরস্পর সমান] |
| ∴ ∠ALN = ∠LMD | (১) ও (২) থেকে। |

গ.




বিশেষ নির্বচন : AB || CD এবং AB || EF. প্রমাণ কর করতে হবে যে, CD || EF.

অঙ্কন : PQ ছেদক আঁকি যে এটি AB, CD ও EF কে যথাক্রমে L, M, N বিন্দুতে ছেদ করে।


**প্রমাণ :**

| ধাপ | যথার্থতা |
|---|---|
| ১. AB ‖ CD এবং PQ এদের ছেদক। ∴ ∠PLB = ∠LMD | [অনুরূপ কোণ] |
| ২. AB ‖ EF এবং PQ এদের ছেদক। ∴ ∠PLB = ∠MNF | |

$\therefore \angle LMD = \angle MNF$ [অনুরূপ কোণ]

৩. $\angle LMD, \angle MNF$ পরস্পর অনুরূপ কোণ ও সমান।

$\therefore CD \parallel EF$ **(প্রমাণিত)**




**চিত্রে,** AB || CD এবং PQ রেখা এদেরকে যথাক্রমে E ও F বিন্দুতে ছেদ করেছে। [ হরিমোহন সরকারি উচ্চ বিদ্যালয়, চাপাইনবাবগঞ্জ ]

ক. $\angle BEF$ এর একান্তর কোণ কোনটি? ২

খ. $\angle PEB$ এবং $\angle EFC$ এর মান নির্ণয় কর। ৪

গ. প্রমাণ কর যে, $PF \perp CD$ হলে প্রমাণ কর যে, $PE \perp AB$. ৪

**৩নং প্রশ্নের সমাধান**

ক. চিত্রে, AB || CD এবং PQ, AB ও CD কে যথাক্রমে E ও F বিন্দুতে ছেদ করেছে।

$\therefore \angle BEF$ এর একান্তর কোণ $\angle EFC$.

খ. চিত্রানুসারে, $\angle BEF$ = বিপ্রতীপ $\angle AEP = (x + 30)°$

আবার, $\angle BEF + \angle EFD = 180°$ [$\because$ AB || CD এবং EF ছেদক]

বা, $x + 30 + x - 10 = 180$

বা, $2x + 20 = 180$

বা, $2x = 180 - 20$

বা, $2x = 160$


বা, $x = 160 \div 2 = 80$

$\therefore \angle AEP = (80 + 30)° = 110°$

$\therefore \angle PEB = 180° - 110° = 70°$

$\therefore \angle EFC$ = অনুরূপ $\angle AEP = 110°$

গ.




বিশেষ নির্বচন : মনে করি, AB || CD এবং PQ এদেরকে E ও F বিন্দুতে ছেদ করেছে এবং $PF \perp CD$. প্রমাণ করতে হবে যে, $PE \perp AB$.

প্রমাণ :

ধাপ : যথার্থতা :


১। AB || CD এবং EF তাদের ছেদক।

$\therefore \angle PEB$ = অনুরূপ $\angle EFD$ [অনুরূপ কোণ সমান হয়]

$\angle EFD = 90°$ [$PF \perp CD$]

$\therefore \angle PEB = 90°$

$\therefore PE \perp AB$ **[প্রমাণিত]**




চিত্রে, AB || CD, $\angle BPE = 60°$, এবং PQ = PR.

[ কাদিরাবাদ ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ, নাটোর; ইস্পাহানি পাবলিক স্কুল এন্ড কলেজ, চট্টগ্রাম; সিলেট সরকারি পাবলিক উচ্চ বিদ্যালয় ]

ক. প্রমাণ কর যে, $\frac{1}{2} \angle APE = 60°$. ২

খ. $\angle CQF$ এর মান নির্ণয় কর। ৪

গ. প্রমাণ কর যে, PQR একটি সমবাহু ত্রিভুজ। ৪

**৪নং প্রশ্নের সমাধান**

ক. $\angle APB = 180°$ [সরলকোণ বলে]

$\angle APE + \angle BPE = 180°$

$\therefore \angle APE = 180° - \angle BPE$

বা, $\angle APE = 180° - 60°$ [দেওয়া আছে]

বা, $\angle APE = 120°$

বা, $\frac{1}{2} \angle APE = \frac{1}{2} \times 120°$

$\therefore \frac{1}{2} \angle APE = 60°$ **(প্রমাণিত)**

খ. EF সরলরেখা AB ও CD সমান্তরাল রেখাদ্বয়কে ছেদ করে বলে এদের অনুরূপ কোণ সমান হবে। অর্থাৎ $\angle BPE$ = অনুরূপ $\angle PQD$.

আবার, $\angle PQD$ = বিপ্রতীপ $\angle CQF$ [বিপ্রতীপ কোণ পরস্পর সমান]

$\therefore \angle CQF = 60°$

গ. দেওয়া আছে, PQ = PR

$\angle PQR = \angle PRQ = 60°$ [$\because$ বিপ্রতীপ কোণ]

এখন, $\Delta PQR$ এ, $\angle PRQ + \angle QPR + \angle PQR = 180°$

বা, $60° + \angle QPR + 60° = 180°$


বা, $\angle QPR = 180° - 120°$

বা, $\angle QPR = 60°$

$\therefore \angle PQR = \angle PRQ = \angle QPR = 60°$

কাজেই, PQ = PR = QR

$\therefore \Delta PQR$ একটি সমবাহু ত্রিভুজ। **(প্রমাণিত)**




**চিত্রে, AB ও CD দুইটি সরলরেখা এবং PQ সরলরেখা উক্ত সরল রেখাদ্বয়কে E ও F দুইটি বিন্দুতে ছেদ করেছে।**


ক. E ও F বিন্দু দুটিতে উৎপন্ন কোণ কয়টি? কোণগুলোকে ক্রমিক নম্বর দিয়ে চিহ্নিত কর। ২

খ. অনুরূপ কোণ জোড়াগুলো চিহ্নিত কর এবং এদের বৈশিষ্ট্য লেখ। ৪

গ. একান্তর কোণ জোড়াগুলো চিহ্নিত কর এবং এদের বৈশিষ্ট্য লেখ। ৪

**৫নং প্রশ্নের সমাধান**

ক. E ও F বিন্দু দুটিতে উৎপন্ন কোণ ৪টি। কোণগুলোকে 1, 2, 3, 4, 5, 6, 7, 8 দ্বারা চিহ্নিত করা হলো।




**খ.** প্রদত্ত চিত্রে, $\angle 1$ ও $\angle 5$, $\angle 2$ ও $\angle 6$, $\angle 3$ ও $\angle 7$ এবং $\angle 4$ ও $\angle 8$ অনুরূপ কোণ জোড়া।

সুতরাং $\angle 1 = \angle 5$, $\angle 2 = \angle 6$, $\angle 3 = \angle 7$ এবং $\angle 4 = \angle 8$

অনুরূপ কোণ জোড়াগুলোর বৈশিষ্ট্য হলো :

(i) এরা পরস্পর সমান;

(ii) শীর্ষবিন্দু আলাদা;

(iii) ছেদকের একই পাশে অবস্থিত।

**গ.** প্রদত্ত চিত্রে, $\angle 3$ ও $\angle 6$, $\angle 4$ ও $\angle 5$, $\angle 1$ ও $\angle 8$, এবং $\angle 2$ ও $\angle 7$ অনুরূপ কোণ জোড়া।

সুতরাং $\angle 3 = \angle 6$, $\angle 4 = \angle 5$, $\angle 1 = \angle 8$ এবং $\angle 2 = \angle 7$


একান্তর কোণ জোড়াগুলোর বৈশিষ্ট্য হলো :

(i) এরা পরস্পর সমান;

(ii) শীর্ষবিন্দু আলাদা;

(iii) ছেদকের বিপরীত পাশে অবস্থিত;

(iv) সরলরেখা দুইটির মধ্যে অবস্থিত।




**চিত্রে, AB ‖ CD এবং PQ ছেদক।**

[ সরকারি করোনেশন মাধ্যমিক বালিকা বিদ্যালয়, খুলনা ]

ক. দুইটি একান্তর কোণের নাম লেখ। ২

খ. AB ‖ CD এবং PQ উহাদের ছেদক। প্রমাণ কর যে, একান্তর কোণ জোড়া সমান। ৪

গ. প্রদত্ত উদ্দীপকে PQ রেখা AB ও CD কে E ও F বিন্দুতে ছেদ করলে প্রমাণ কর যে, $\angle BEF + \angle EFD$ = দুই সমকোণ। ৪

**৬নং প্রশ্নের সমাধান**

**ক.** চিত্রে, AB ‖ CD এবং PQ তাদের ছেদক।

$\angle AEF$ এর একান্তর কোণ $\angle EFD$.

এবং $\angle BEF$ এর একান্তর কোণ $\angle EFC$.

**খ.** দেওয়া আছে, AB ‖ CD ও PQ উহাদের ছেদক, উক্ত রেখাদ্বয়কে যথাক্রমে E ও F বিন্দুতে ছেদ করেছে। প্রমাণ করতে হবে যে, $\angle AEF$ = একান্তর $\angle EFD$.

| ধাপ : | যথার্থতা |
|---|---|
| (১) $\angle PEB = \angle EFD$ | [অনুরূপ কোণ বলে] |
| (২) $\angle PEB = \angle AEF$ | [বিপ্রতীপ কোণ বলে] |
| $\therefore \angle AEF = \angle EFD$ | [(১) ও (২) থেকে] |


অতএব, $\angle AEF$ = একান্তর $\angle EFD$ (প্রমাণিত)

**গ.** চিত্রে, AB ‖ CD ও PQ উহাদের ছেদক, PQ রেখা AB ও CD রেখাদ্বয়কে যথাক্রমে E ও F বিন্দুতে ছেদ করেছে। প্রমাণ করতে হবে যে, $\angle BEF + \angle EFD$ = দুই সমকোণ।

| ধাপ : | যথার্থতা |
|---|---|
| (১) $\angle PEB + \angle BEF$ = দুই সমকোণ | [$\angle PEF$ সরলকোণ] |
| (২) $\angle PEB = \angle AEF = \angle EFD$ | ['খ' হতে প্রাপ্ত] |
| $\therefore \angle EFD + \angle BEF$ = দুই সমকোণ | [(১) ও (২) থেকে] |

সুতরাং, $\angle BEF + \angle EFD$ = দুই সমকোণ। (প্রমাণিত)

## সৃজনশীল প্রশ্নব্যাংক উত্তরসহ





**AB ‖ CD ‖ EF এবং QC ‖ RT.**

ক. $\angle x$ = কত? ২

খ. $\angle y + \angle z$ এর মান কত? ৪

গ. দেখাও যে, $\angle w + \angle v = 360^\circ$ ৪

**উত্তর :** ক. $45^\circ$; খ. $180^\circ$





**চিত্রে, AC ‖ BE**

ক. $\angle BAC$ এর মান কত? ২

খ. প্রমাণ কর যে, $\angle x + \angle y + \angle z = 180^\circ$ ৪

গ. $y = 52^\circ$ এবং $z = 76^\circ$ হলে, দেখাও যে, $x = y$ ৪

**উত্তর :** ক. $\angle y$




**চিত্রে, AB ‖ CD, $\angle BEP = 60^\circ$ এবং EF = EG**

ক. $\angle AEP$ এর মান কত? ২

খ. দেখাও যে, $2\angle CFQ = 120^\circ$ ৪

গ. প্রমাণ কর যে, EFG একটি সমবাহু ত্রিভুজ। ৪

**উত্তর :** ক. $120^\circ$